গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের সেপ্টেম্বর, ২০২৩-এর মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সাইফুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | দুপুর ১২.৪০টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | "পরিশিষ্ট-ক" |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভা আরম্ভ হওয়ার প্রাক্কালে তিনি বলেন, সচিব মহোদয় রাজশাহী কারা প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন কাজে রাজশাহীতে অবস্থান করায় সচিব মহোদয়ের পক্ষে এসভার সভাপতির দায়িত্ব পালন করছেন। এরপর সভায় সুরক্ষা সেবা বিভাগে নবযোগদানকারী কর্মকর্তা জনাব জান্নাতুল ফেরদৌস, উপসচিব-কে তার পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি সভায় নিজ পরিচয় প্রদান করেন এবং এ বিভাগে দায়িত্ব পালনকালে সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি তাকে এ বিভাগে স্বাগত জানান এবং অর্পিত দায়িত্ব নিষ্টার সাথে পালন করার জন্য অনুরোধ করেন। তিনি এ বিভাগের কর্মকাণ্ডকে আরো বেগবান করে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ জানান। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১ | মসবৈ-১০(০৬)/২০২৩, তারিখ : ১২ জুন ২০২৩<br>**বিষয়-১ : ‘জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩’-এর খসড়ার নীতিগত/চূড়ান্ত অনুমোদন।**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত ‘জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩’-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইলো।**<br>জাতীয় পরিচয় নিবন্ধন আইন ২০২৩” শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদে ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে উত্থাপিত হয়েছে এবং ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বিলটি মহান জাতীয় সংসদে পাস করা হয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত বলে গণ্য করা যেতে পারে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/ যুগ্মসচিব (বহি-২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ৫ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ২ | মসবৈ-১৭(০৮)/২০২২, তারিখ : ১১ আগস্ট ২০২২<br>**বিষয়-৩ : বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন।**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত ১২। বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হইল।**-বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে ২৫ মে ২০২২ তারিখে স্বাক্ষরিত চুক্তি অনুসমর্থনের প্রস্তাব মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন করা হয়েছে। বাংলাদেশের পক্ষে সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। চুক্তিটি কার্যকর ও বাস্তবায়নের নিমিত্ত সার্বিয়ার অভ্যন্তরীণ কার্যপদ্ধতি সম্পন্ন হয়েছে কিনা তা এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে ২৫ জুলাই ২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি বাস্তবায়নের জন্য ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/উপসচিব (বহিঃ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৩ | মসবৈ-১৯(১০)/২০১৯, তারিখ : ২৮ অক্টোবর ২০১৯<br><br>**বিষয়-২ : বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত ১৪। বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**<br>বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন লাভ করে। অনুমোদনের পর ০৬ জুন ২০২৩ তারিখে সাউথ আফ্রিকা হতে চুক্তির একটি নতুন খসড়া পাওয়া গেছে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং চুক্তিটি স্বাক্ষরের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৪ জুলাই ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে পরবর্তী কার্যক্রম সম্পাদনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৪ | মসবৈ-০৭(০৪)/২০২৩, তারিখ : ১০ এপ্রিল ২০২৩<br><br>**বিষয়-৩ : বাংলাদেশ ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত 'Memorandum of Understanding (MoU) Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Iraq on Visa Exemption for holders of Diplomatic, official and Service Passport' এর খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত ১৭। সার-সংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত 'Memorandum of Understanding (MoU) Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Iraq on Visa Exemption for holders of Diplomatic, official and Service Passport' এর খসড়ার অনুমোদন করা হইল।**-বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত খসড়া সমঝোতা-স্মারকটি ১০ এপ্রিল, ২০২৩ তারিখে মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন লাভ করে। সমঝোতা স্মারকটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ২৪ জুলাই ২০২৩ তারিখে ঢাকাস্থ ইরাক দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক একটি কূটনৈতিক পত্রের মাধ্যমে বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত সমঝোতা-স্মারকে কতিপয় সংশোধন/পরিবর্তন আনয়ন করা হয়েছে। উল্লিখিত ইরাকের প্রস্তাবনাসমূহের বিষয়ে সুস্পষ্ট মতামত এ বিভাগে প্রেরণের জন্য ০২ আগস্ট ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ইরাক সরকার কর্তৃক প্রেরিত প্রস্তাবনাসমূহ পর্যালোচনাপূর্বক প্রস্তাবিত সংশোধনসমূহের ব্যাপারে সম্মতি জ্ঞাপন করে ২৮ আগস্ট ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে পত্র পাওয়া গিয়েছে। | বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত খসড়া চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৫ | মসবৈ-০৮(০৫)/২০২৩, তারিখ : ১৮ মে ২০২৩ :<br><br>**বিষয়-৫ : বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে স্বাক্ষরিত 'Agreement between The Argentine Republic and The People's of Bangladesh on Visa Exemption for holders of Diplomatic and Official Passport'শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত : ২১। সার-সংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে স্বাক্ষরিত 'Agreement between The Argentine Republic and The People's of Bangladesh on Visa Exemption for holders of Diplomatic and Official Passport'শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হইল।** -বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি চুক্তিটি ২৭ফেব্রুয়ারি ২০২৩ তারিখে স্বাক্ষরিত হয়। গত ১৮ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হয়েছে। চুক্তিটি কার্যকর ও বাস্তবায়নের লক্ষ্যে ২৯ মে ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | বাংলাদেশ ও আর্জেন্টিনা সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি চুক্তিটি কার্যকর ও বাস্তবায়নের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৬ | মসবৈ-২২(১২)/২০২১, তারিখ : ১৯ ডিসেম্বর ২০২১<br><br>**সম্পূরক বিষয় : বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে ‘Agreement between the Government of the People’s Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners’-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন ।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত : ২০। সার-সংক্ষেপের সহিত উপস্থাপিতবাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে ‘Agreement between the Government of the People’s Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners’-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।** -বর্তমানে চুক্তিটি ভেটিং এর জন্য গত ০১ আগস্ট ২০২৩ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে চুক্তিটির ভেটিং সম্পন্ন করা হয়েছে। ভেটিং-এ চুক্তিটির ওপর কিছু সংশোধনী প্রদান করা হয়েছে। উক্ত সংশোধনীর বিষয়ে মালদ্বীপ সরকারের মতামত গ্রহণের জন্য ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ভেটিংকৃত চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সংশোধনীর বিষয়ে মালদ্বীপ সরকারের সম্মতি পাওয়া গেলে খসড়া চুক্তিটি চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় প্রেরণ করা হবে। | এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৭ | মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৮ আগস্ট ২০২৩<br><br>**বিষয়-৬ : বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাত** সরকারের মধ্যে Memorandum of Understanding Between the Government of the United Arab Emirates and the Government of the People's Republic of Bangladesh on Entry Requirements'-এর খসড়া'র অনুমোদন।<br><br>মন্ত্রিসভার সিদ্ধান্ত : ২৫।**বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাত সরকারের মধ্যে Memorandum of Understanding Between the Government of the United Arab Emirates and the Government of the People's Republic of Bangladesh on Entry Requirements'-এর খসড়া অনুমোদন করা হইল।** - বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাত সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৮ | **মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬**<br><br>**বিষয়-১ : 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন।**<br><br>বাংলাদেশ নাগরিকত্ব আইন-২০১৬ গত ০১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন করা হয়। তৎপ্রেক্ষিতে প্রস্তাবিত আইন সংশোধনক্রমে ভেটিং এর জন্য ২৮ মার্চ ২০১৬ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।- বিগত ০২ আগস্ট ২০১৭ তারিখে খসড়া আইনের বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ০৭ মে ২০১৮ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে ৩৩৪ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং কার্যক্রমের অগ্রগতি অদ্যাবধি পাওয়া যায়নি। এ সংক্রান্ত যোগাযোগ অব্যাহত আছে। | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/ উপসচিব (বহিঃ ৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৯ | মসবৈ-২৯(১০)/২০০৬, তারিখ : ০৯-১০-২০০৬<br><br>**বিষয় : জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত : ৮.৩। Jail Code Rules এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**-The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন প্রমিতীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগে ০৭ ডিসেম্বর ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছিল। ০৫ মে ২০২৩ তারিখে উক্ত খসড়াটি প্রমিতীকরণঅন্তে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ খসড়ার বিষয়ে আলোচনার জন্য ১২ মার্চ ২০২৩ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত এবং পরবর্তীতে এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতের আলোকে খসড়া সংশোধন করা হচ্ছে।<br><br>**৮.৪। Jail Code Rules এর বাংলা ভাষায় অনুবাদ প্রকাশ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হবে।**আইন ও বিচার বিভাগের উদ্যোগে Jail Code সংশোধনের বিষয়ে আইন ও বিচার বিভাগ কর্তৃক গত ১৭ অক্টোবর ২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় উপকমিটি গঠন করা হয়েছে। তাছাড়া, জেল কোড বিধিমালার খসড়া প্রণয়নের জন্য এ বিভাগ হতে ২৫ মে ২০২৩ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি খসড়া প্রণয়নের কাজ করছে। | ১) The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর ভাষায় 'কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২' এর খসড়া সংশোধন করে আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে এ বিভাগে পুনরায় দাখিল করতে হবে।<br><br>২) যেহেতু বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে, তাই উক্ত এ্যাক্ট এর আলোকে Jail Code-এর খসড়া প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩) Jail Code এর খসড়া প্রণয়ন কার্যক্রম এখনই শুর করতে হবে এবং এর বাস্তবায়ন অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | **আইজি প্রিজন/যুগ্মসচিব (কারা অনুবিভাগ)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১০ | মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯<br><br>**বিষয়-১ : মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৯ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত: ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।**-সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনের সংখ্যা ১১টি তন্মধ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৮টি আইন এবং কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন বিদ্যমান আছে। | ১।মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৮টি ও কারা অধিদপ্তরের ৩টি ইংরেজি ভাষায় প্রণীত আইন দ্রুত বাংলায় অনুবাদ/প্রণয়ন করার দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করতে হবে | **সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/বহিরাগমন-৪ শাখা প্রধান।** |

| | | | |
|---|---|---|---|
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**<br>1 . The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br>2. The Passport Act, 1920)<br>3. The Registration of Foreigners Act, 1939<br>4. The Foreigners Act, 1946<br>5. The Citizenship Act, 1951<br>6. The Passport (Offences) Act, 1952<br>7. The Control of Entry Act, 1952<br>8 . The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972.<br><br>-The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২০ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট আইন, 2022 প্রণয়ন করা হলে, The Bangladesh Passport Order, 1973; The Passport Act, 1920 এবং The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে। বাংলাদেশ পাসপোর্ট আইন-২০২০ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ০৪ জুন ২০২৩ তারিখ অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) এর সভাপতিত্বে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>The Citizenship Act, 1951 এবং The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 আইন ২ (দুই)টি সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাংলায় অনুবাদ করার জন্য নির্ধারিত ছিল। তবে, বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া ভেটিং এর জন্য ২৮ মার্চ ২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়, যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১০ জানুযারি ২০২১ তারিখে The Registration of Foreigners Act, 1939; The Foreigners Act, 1946 & The Control of Entry Act, 1952 আইন ৩ (তিন)টি বাংলায় প্রণয়নপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত আদেশ অনুযায়ী ১৬ এপ্রিল ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগ হতে উল্লিখিত আইন ৩ (তিন)টির অনুবাদের সঠিকতার বিষয়ে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগকে অনুরোধ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংস্কার ও গবেষণা অনুবিভাগের বাংলা ভাষা কোষ কর্তৃক "প্রবেশ নিয়ন্ত্রণ আইন, ১৯৫২; বিদেশি ব্যক্তিবর্গের নিবন্ধন আইন, ১৯৩৯ এবং বিদেশি ব্যক্তিগণের নিবন্ধন আইন, ১৯৪৬" এর খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রমিতীকরণ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ | এবং অগ্রগতি প্রত্যেক মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | বিভাগে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত প্রাপ্তির পর ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক অনুদিত আইন ৩ (তিন)টি গেজেটে প্রকাশের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং গ্রহণের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মূলনথি প্রেরণ করা হয়েছে।<br><br>**কারা অধিদপ্তর :**<br>1.The Prisons Act, 1894<br>2.The Bengal Jail Code, 1894<br>3.The Prisoners Act, 1900<br><br>-সংশোধিত জেল কোড প্রণয়নপূর্বক ভেটিং এর জন্য ২১ আগস্ট ২০০৭ তারিখে আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৩ জানুয়ারি ২০১৩ তারিখে তৎকালীন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জেল কোড পুনঃপর্যালোচনাপূর্বক সংশোধনক্রমে ইংরেজি ও বাংলা ভাষায় জেল কোড খসড়া প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। নির্দেশনামতে জেল কোড সংশোধনক্রমে ইংরেজি ও বাংলায় খসড়া প্রণয়নপূর্বক ভেটিং এর জন্য ১৩ অক্টোবর ২০১৪ তারিখে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত পঞ্চম আন্তঃমন্ত্রণালয় সভায় কারা আইন ও কারা বিধি সংশোধনের পরিবর্তে নতুনভাবে কারা আইন প্রণয়ন এবং নতুন কারা আইনের আলোকে নতুনভাবে কারা বিধি তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে জেল কোড বিধিমালার খসড়া প্রণয়নের জন্য সুরক্ষা সেবা বিভাগের ২৫ মে ২০২৩ তারিখের ২১৪ নং স্মারকমূলে একটি কমিটি গঠন করা হয়েছে।<br><br>The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন প্রমিতীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগে ৭ ডিসেম্বর ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছিল। ০৫ জানুয়ারি ২০২৩ তারিখে উক্ত খসড়াটি প্রমিতীকরণ অন্তে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ খসড়ার বিষয়ে আলোচনার জন্য ১২ মার্চ ২০২৩ তারিখ একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত এবং পরবর্তীতে এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতের আলোকে খসড়া সংশোধন করা হচ্ছে। | | |

| | | | |
|---|---|---|---|
| ১১ | মসবৈ-১১(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩<br><br>**বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন।**<br><br>৮.২। রুলস অব বিজনেস, ১৯৯৬-এর ২৬(২) উপ-বিধি অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ হইতে বিদেশে প্রেরিত সকল জাতীয় পর্যায়ের প্রতিনিধিদলের সফর সংক্রান্ত প্রতিবেদন সারসংক্ষেপসহ মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য দেশে প্রত্যাবর্তনের ১৫ (পনের) দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দ নিশ্চিত করিবেন। | -- | সিদ্ধান্তটি অনুসরণ করা হচ্ছে। |
| ১২ | মসবৈ-১১(০৭)/২০২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩<br><br>**বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০২৩ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন।**<br><br>৮.৫। মন্ত্রিসভা-বৈঠকে নীতিগত ও চূড়ান্তভাবে অনুমোদিত আইনের খসড়া জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে উপস্থাপনের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দ নিশ্চিত করিবেন। | -- | সিদ্ধান্তটি অনুসরণ করা হচ্ছে। |
| ১৩ | **বিবিধ :-** বাংলাদেশের সাথে বিভিন্ন দেশের কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিসহ অন্যান্য চুক্তি সম্পাদন বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সভা অনুষ্ঠানের বিস্তারিত আলোচনা করা হয়। | বাংলাদেশের সাথে বিভিন্ন দেশের **কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিসহ অন্যান্য চুক্তি সম্পাদন** বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে জরুরিভিত্তিতে একটি সভা করতে হবে, চুক্তি সম্পাদনের সর্বশেষ হালনাগাদ অগ্রগতি অবহিত করতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/ যুগ্মসচিব (বহিরাগমন-২ অধিশাখা)/ উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাইফুল ইসলাম

অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০২.২৩.৩১৩

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব